দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 FEB 1990 .
পৃষ্ঠা ... ৬ ... কলাম 2 ...

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ডিগ্রী পরীক্ষার উত্তরপত্র সংক্রান্ত ঘটনা তদন্তে কমিটি গঠিত

(চট্টগ্রাম অফিস)

গত বৃহস্পতিবার বিকালে অনুষ্ঠিত সিণ্ডিকেটের এক জরুরী সভায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৮৯ সালের ডিগ্রী (পাস) পরীক্ষার সমাজকল্যাণ বিষয়ের উত্তরপত্র সংক্রান্ত

(৫ম পৃঃ দ্রঃ)

### ডিগ্রী পরীক্ষার উত্তরপত্রে

(৩য় পৃঃ পর)

ঘটনা বিস্তারিতভাবে আলোচনা করা হয়। সিণ্ডিকেট এই গর্হিত ও নিন্দনীয় ঘটনার জন্য গভীর উদ্বেগ প্রকাশ করে এবং ইহা উদঘাটনের জন্য কুমিল্লার জেলা প্রশাসন এবং পুলিশ প্রশাসন কর্তৃক গৃহীত পদক্ষেপের প্রশংসা করে। বিশ্ববিদ্যালয়ের কেহ যদি এই ঘটনার সহিত জড়িত থাকে তাহাদের বিরুদ্ধেও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য পুলিশ প্রশাসনকে অনুরোধ জানান হইয়াছে। বিষয়টি প্রাতিষ্ঠানিকভাবে তদন্ত করার জন্য বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ ডীনদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়।